সমকাল

তারিখ 13 JUL 2015
পৃষ্ঠা ... কলাম ...

ইউজিসির সঙ্গে মতবিনিময়

# শিক্ষকদের বেতন বৈষম্য দূর করার আহ্বান

■ সমকাল প্রতিবেদক

প্রস্তাবিত অষ্টম বেতন স্কেল সংশোধনের উদ্যোগ নেওয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। তারা বলেছেন, প্রস্তাবিত এই বেতন স্কেল শিক্ষকদের জন্য অসম্মানজনক ও অবমাননাকর। আগের চেয়ে শিক্ষকদের বেতন ও পদমর্যাদা কমে যাবে এই বেতন স্কেল বাস্তবায়ন করা হলে। সরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সংগঠন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সঙ্গে অনুষ্ঠিত এক মতবিনিময় সভায় গতকাল রোববার এ কথা বলা হয়। রাজধানীর ইউজিসি মিলনায়তনে অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ব করেন ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান।

সভায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদ প্রস্তাবিত অষ্টম জাতীয় বেতন স্কেল পুনর্বিবেচনা প্রসঙ্গে গভীর উদ্বেগ প্রকাশ করে উপাচার্যরা চার দফা দাবি পেশ করেন। দাবিগুলো হলো- বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের দাবিগুলো বাস্তবায়ন, দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরদের পদমর্যাদা জাতীয় বেতন স্কেলের সর্বোচ্চ বিশেষ স্কেলের সমতুল্য করে অন্য সুবিধাদিও নিশ্চিত করা, বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন স্কেল প্রবর্তন করা এবং রাষ্ট্রীয় ওয়ারেন্ট অব প্রিসিডেন্সে ভাইস-চ্যান্সেলর এবং বিশ্ববিদ্যালয় শিক্ষকদের প্রত্যাশিত বেতন কাঠামো অনুযায়ী পদমর্যাদা নিশ্চিত করা।

ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান ধৈর্য সহকারে উপাচার্যদের বক্তব্য শোনেন এবং শিক্ষা ও শিক্ষকদের মর্যাদা এবং মূল্য...কে অগ্রাধিকার দেওয়ার ব্যাপারে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে বলে আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরও বলেন, যেহেতু বাংলাদেশের সপ্তম পঞ্চমবার্ষিক পরিকল্পনার মূল প্রতিপাদ্য বিষয় হচ্ছে মানব সম্পদ উন্নয়ন, সেহেতু শিক্ষা ক্ষেত্রে অধিক বিনিয়োগ এখন সময়ের দাবি। একটি শিক্ষিত জাতি বাংলাদেশকে অনেক দূর এগিয়ে নিয়ে যেতে পারে।

সভায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য প্রফেসর ড. মোহাম্মদ মোহাব্বত খান, প্রফেসর ড. মো. আখতার হোসেন, প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা, প্রফেসর ড. দিল আফরোজা বেগমসহ বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা উপস্থিত ছিলেন।